

প্রাথমিক শিক্ষক ভবন' জবর দখল : প্রতিবাদ ও নিন্দা
 ॥ স্টাফ রিপোর্টার ॥
 মীরপুর ১৩ নম্বর সেকশনে অবস্থিত 'প্রাথমিক শিক্ষক ভবনে' দুহৃতকারীদের হামলা, ভবন জবর দখল ও আসবাবপত্র তছনছ করার তীব্র প্রতিবাদ করেছে বাংলাদেশ শিক্ষক সমিতি।
 গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির মহাসচিব মোঃ ফজলুর রহমান অভিযোগ করেন গত ২৮শে এপ্রিল আবুল কালাম আজাদ নামে এক ব্যক্তি কতিপয় উচ্চস্থল লোক নিয়ে 'প্রাথমিক শিক্ষক ভবনে' চড়াও হয়। তারা ভবনের তাল ভেঙ্গে ভেতরে প্রবেশ করে এবং ৭-এর পাতায় দেখুন

প্রাথমিক শিক্ষক ভবন
 প্রথম পৃষ্ঠার পর
 ভবনের অভ্যন্তরে রক্ষিত মূল্যবান কাগজপত্র, দলিল, আসবাবপত্র তছনছ ও পুড়িয়ে দেয়। তাছাড়াও তারা ভবন সংলগ্ন ৩৪টি দোকানের বৈধ স্বত্বাধিকারীদের তাড়িয়ে দিয়ে দোকানে তাল ঝুলিয়ে দেয়। তারা দোকানীদের কাছ থেকে ১০ হাজার টাকা করে পণ দাবী করে।
 তিনি অভিযোগ করে বলেন, ঘটনার বিবরণ দিয়ে মীরপুর থানায় লিখিতভাবে অভিযোগ করা সত্ত্বেও পুলিশী নিষ্ক্রিয় রয়েছে।
 শিক্ষক সমিতি নেতৃবৃন্দ বলেন, দু'কোটি প্রাথমিক শিক্ষক এ ধরনের জবর দখলের দাত ভাঙ্গা জবাব দিতে পারতো। কিন্তু ঘটনা ভিন্ন দিকে মোড় নিতে পারে আশংকায় আমরা সেপথে যাইনি।
 শিক্ষক নেতৃবৃন্দ অবিলম্বে দুহৃতকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করে ভবন মুক্ত করার জন্য সরকারের কাছে দাবী জানিয়েছেন।
ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নিন্দা করেছে
 ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কতিপয় সশস্ত্র ব্যক্তি কর্তৃক বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির (আমেরি-ফজলু) কেন্দ্রীয় কার্যালয়ে জবর দখলের তীব্র নিন্দা করেছে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি এম আমিনুল ইসলাম ও সাধারণ সম্পাদক ডঃ মোহসীনউল্লা পাটোয়ারী এক বিবৃতিতে বলেন, গত ২৮শে এপ্রিল প্রাথমিক শিক্ষক সমিতির (আমেরি-ফজলু) মীরপুরস্থ কেন্দ্রীয় কার্যালয় সরকার সমর্থক অন্য একটি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আবুল কালাম আজাদের সমর্থনপুষ্ট কতিপয় সশস্ত্র ব্যক্তি জবর দখল করে নেয়। কার্যালয়টি তার বৈধ মালিক বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতিতে (আমেরি-ফজলু) হস্তান্তরের জন্য বিবৃতিতে দাবী জানান হয়।
 বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম আক্তারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামাদানী কোরায়শী এক বিবৃতিতে এই জবর দখলের তীব্র নিন্দা করে যথাযথ মালিকের কাছে অফিস ও প্রতিষ্ঠান ফিরিয়ে দেয়ার দাবী জানিয়েছেন। তারা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ওপর গুলীবর্ষণের নায়ক আবুল কালাম আজাদ এ দখল নিয়েছেন। এ ক্ষেত্রে তিনি পুলিশের সহযোগিতা পাচ্ছেন এবং পুলিশ প্রাথমিক শিক্ষক সমিতির (আমেরি-ফজলু) অধিকার সংরক্ষণ করতে অস্বীকার করেছে বলে বিবৃতিতে তারা অভিযোগ করেন।